

"Pedagogy Training for the Trainers of SEIPProject" শীর্ষক প্রশিক্ষণ (ToT) অনুষ্ঠিত।



প্রজেক্ট কো-অর্ডিনেশন ইউনিট (PCU), এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামসবিভাগ কর্তৃক বাস্তবায়নাবীন Skills for Employment Investment Program (SEIP), (Tranche-1) প্রকল্পের আওতাধীন ১০ টি আউটসোর্সিং প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে দেশব্যাপী ১০টি ট্রেড কোর্সে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। উক্ত প্রতিষ্ঠানসমূহে কর্মরত অত্র প্রকল্পের প্রশিক্ষণে নিয়োজিত প্রশিক্ষকগণকে উন্নততর পাঠদান পদ্ধতি অর্থাৎ, আধুনিক ও বিজ্ঞানভিত্তিক lesson plan তৈরি, মানসম্মত ও আকর্ষণীয় PowerPoint Presentation তৈরি ও তাযথাযথভাবে উপস্থাপনের লক্ষ্যে Student Centered Learning (SCL) টেকনিক প্রয়োগ সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ দানের জন্য ডিসেম্বর ০৯-১১, ২০১৭ মেয়াদী ০৩ দিন ব্যাপী একটি ToT (Training of Trainers) প্রোগ্রাম ঢাকা, মিরপুরস্থ MAWTS ইনস্টিটিউট অব টেকনোলজিতে অনুষ্ঠিত হয়। উক্ত ToT প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্টের মহাব্যবস্থাপক জনাব শেখ মোঃ সেলিম। এছাড়া, প্রকল্প ইউনিটের চীফ প্রজেক্ট কো-অর্ডিনেটর ও উপ-মহাব্যবস্থাপক জনাব মোস্তাফিজুর রহমান, MAWTS এর ডিরেক্টর জনাব আখিলাডি রোজারিও, প্রকল্প ইউনিটের কর্মকর্তাবৃন্দ, মটস এর কর্মকর্তাবৃন্দ এবং প্রশিক্ষণে অংশগ্রহণকারী বিভিন্ন প্রতিষ্ঠান হতে আগত ২০ জন প্রশিক্ষক উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, Pedagogy Master Trainer হিসেবে তৈরিকরার লক্ষ্যে অত্র প্রকল্পের ৪ জন কর্মকর্তাকে অর্থ বিভাগের পক্ষ থেকে সিঙ্গাপুরস্থ Institute of Technical Education (ITE) হতে Overseas Pedagogy Training করানো হয়। ২০১৭ সালের জানুয়ারি থেকে এপ্রিল মেয়াদে অত্র প্রকল্পের ৪ জন কর্মকর্তা সিঙ্গাপুরে অনুষ্ঠিত উক্ত প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করতঃ Pedagogy Expert হিসেবে সনদ প্রাপ্ত হন। বর্ণিত ToT প্রোগ্রামের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তাগণ বৈদেশিক প্রশিক্ষণে অর্জিত জ্ঞানের যথাযথ প্রয়োগ ও জ্ঞানবিতরণের একটি উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেন। প্রশিক্ষণ সমাপনী অনুষ্ঠানে অংশগ্রহণকারী প্রশিক্ষকবৃন্দ, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ কর্তৃক বর্ণিত ToT প্রোগ্রাম আয়োজনের জন্য PCU, SEIP বাংলাদেশ ব্যাংকের প্রতি অশেষ কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং এ ধরনের প্রশিক্ষণ অত্যন্ত যুগোপযোগী ও কার্যকর বিধায় তা অব্যাহত রাখার জন্য বাংলাদেশ ব্যাংকের PCU, SEIP কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়।